

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. ৬. ২৪. যীশুকে কবর দিলেন কে?

মথি, মার্ক ও লূকের বর্ণনায় অরিমাথিয়া (Arimathaea) নামক একটা ইহুদি শহরের বাসিন্দা যোষেফ (ইউসুফ) নামের এক ব্যক্তি পীলাতের নিকট থেকে যীশুর মৃতদেহ চেয়ে নিয়ে দেহটা কবরস্থ করেন। তবে 'অরিমাথিয়া শহরের' কথা দ্বারা বুঝা যায় যে, তিনি জেরুজালেমের বাসিন্দা ছিলেন না। বিশেষত লূক বলেছেন: একটা ইহুদি শহর (a city of the Jews) অরিমাথিয়া। চার ইঞ্জিল একমত যে তিনি অরিমাথিয়ার বাসিন্দা ছিলেন। অন্যান্য পরিচয়ে চার ইঞ্জিলের মধ্যে কিছু ভিন্নতা রয়েছে। তবে প্রথম তিন ইঞ্জিল সুস্পষ্টই লেখেছে যে, অরিমাথিয়ার যোষেফ (ইউসুফ) একাই যীশুকে কবরস্থ করেন। পক্ষান্তরে যোহনের বর্ণনা অনুসারে ইউসুফের সাথে নীকদীম নামক আরো এক ব্যক্তি ছিলেন। এর বিপরীতে পল বলেছেন যে, জেরুজালেমের বাসিন্দা ও তাদের শাসকরা ক্রুশ থেকে নামিয়ে যীশুকে কবর দেন।

মথি ২৭/৫৭-৬০: "সন্ধ্যা হলে পর অরিমাথিয়া গ্রামের যোষেক নামে একজন ধনী লোক সেখানে আসলেন। ইনি যীশুর শিষ্য হয়েছিলেন। পীলাতের কাছে গিয়ে তিনি যীশুর দেহটা চাইলেন। তখন পীলাত তাঁকে সেই দেহটা দিতে আদেশ দিলেন। যোষেক যীশুর দেহটা নিয়ে গিয়ে পরিষ্কার কাপড়ে জড়ালেন, আর যে নতুন কবর তিনি নিজের জন্য পাহাড়ের মধ্যে কেটে রেখেছিলেন সেখানে সেই দেহটা রাখলেন। পরে সেই কবরের মুখে বড় একটা পাথর গড়িয়ে দিয়ে তিনি চলে গেলেন। কিন্তু মগদলীনী মরিয়ম ও সেই অন্য মরিয়ম সেখানে সেই কবরের সামনে বসে রইলেন।" (বাইবেল-২০০০)

মার্ক ১৫/৪২-৪৭: "যখন সন্ধ্যা হয়ে আসল তখন অরিমাথিয়া গ্রামের যোষেফ সাহস করে পীলাতের কাছে গিয়ে যীশুর দেহটা চাইলেন। তিনি মহাসভার একজন নামকরা সভ্য ছিলেন এবং তিনি নিজে ঈশ্বরের রাজ্যের জন্য অপেক্ষা করছিলেন।.. যোষেফ গিয়ে কাপড় কিনে আনলেন এবং যীশুর মৃতদেহটা নামিয়ে সেই কাপড়ে জড়ালেন, আর পাহাড়ে কেটে তৈরি করা একটা কবরে সেই দেহটা রাখলেন। তারপর তিনি কবরের মুখে একটা পাথর গড়িয়ে দিলেন। যীশুর মৃতদেহটা কোথায় রাখা হল তা মগদলীনী মরিয়াম ও যোষেফের মা মরিয়ম দেখলেন।" (বাইবেল-২০০০)

লূক ২৩/৫০-৫২: "যোষেফ নামে একজন সৎ ও ধার্মিক লোক মহাসভার সভ্য ছিলেন। তিনি অরিমাথিয়া নামে যিহূদীদের একটা গ্রামের লোক (a city of the Jews/ Jewish town of Arimathaea)। যীশুর বিষয়ে সভার লোকদের সাথে তিনি একমত হতে পারেননি। তিনি ঈশ্বরের রাজ্যের জন্য অপেক্ষা করছিলেন। পীলাতের কাছে গিয়ে তিনি যীশুর মৃতদেহটা চেয়ে নিলেন…।" (বাইবলে-২০০০)

যোহন ১৯/৩৮-৪০: "এই সমস্ত ঘটনার পরে অরিমাথিয়া গ্রামের যোষেফ যীশুর দেহটা নিয়ে যাবার জন্য পীলাতের কাছে অনুমতি চাইলেন। যোষেফ ছিলেন যীশুর গুপু শিষ্য, কারণ তিনি যিহূদী নেতাদের ভয় করতেন। পীলাত অনুমতি দিলে পর তিনি এসে যীশুর দেহ নিয়ে গেলেন। আগে যিনি রাতের বেলায় যীশুর কাছে



এসেছিলেন সেই নীকদীমও প্রায় তেত্রিশ কেজি গন্ধরস ও অগুরু মিশিয়ে নিয়ে আসলেন। পরে তাঁরা যীশুর দেহটা নিয়ে যিহূদীদের কবর দেবার নিয়ম মত সেই সমস্ত সুগন্ধি জিনিসের সংগে দেহটা কাপড় দিয়ে জড়ালেন।" (বাইবেল-২০০০)

আর পল বলেছেন: ''যিরূশালেমের লোকেরা ও তাদের নেতারা…তারা তাঁকে ক্রুশ থেকে নামিয়ে কবর দিয়েছিলেন।'' (প্রেরিত ১৩/২৭, ২৯: বাইবেল-২০০০)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14061

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন